গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.dgt.gov.bd

## শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সরকারি যানবাহন অধিদপ্তরের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ মিজানুর রহমান, পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ: ১১/১২/২০১৯
সভার সময়: বেলা ১১.৩০ ঘটিকা
স্থান: সভাকক্ষ, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
উপস্থিত কমচারীবৃন্দ: পরিশিষ্ট-ক

উপস্থিত সকল কর্মচারীগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় কমিটির সদস্য সচিব জনাব নার্গিস পারভীন জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ অধিদপ্তরকে প্রতি তিন মাস অন্তর বছরে চারবার জনপ্রশাসন মন্ত্রণালয়ে নৈতিকতা কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হয়। সে লক্ষ্যে দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর/১৯-ডিসেম্বর/১৯) ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা আবশ্যক। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রম | বিষয় | বিষয়/গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>সিদ্ধান্তঃ<br>প্রত্যেক সপ্তাহে প্রতি বুধবার সেবাবক্স হালনাগাদ তথ্য রিপোর্ট করতে হবে। | ১। জনাব এরশাদ হোসেন খান, উপসচিব<br>২। " নার্গিস পারভীন, উপসচিব<br>৩। " গাউসুল আজম, অফিস সহকারী<br>৪। " শহিদুল ইসলাম, "<br>৫। " কাউসার আহমেদ ভূইয়া, " |
| ২। | অংশীজনের অংশগ্রহণে সভা। | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে ০২টি সভা করতে হবে। ২২/০৯/২০১৯ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী সভা আগামী ২০২০ সালের জানুয়ারী মাসে করা যেতে পারে।<br>সিদ্ধান্তঃ<br>(ক) ২২/০৯/১৯ তারিখ অংশীজনের অংশগ্রহণে সভা হয়েছে।<br>(খ) ২০২০ সালের জানুয়ারীর শেষ সপ্তাহে সভা করতে হবে। | ১। " নার্গিস পারভীন, উপসচিব<br>২। " গাউসুল আজম, অফিস সহকারী |
| ৩। | প্রশিক্ষণ | মানবসম্পদ উন্নয়নের জন্য প্রত্যেক কর্মচারীকে বছরে ৬০ঘন্টা প্রশিক্ষণ।<br>(ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন আদর্শ প্রশিক্ষণে অন্তর্ভূক্তকরণ;<br>(খ) মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ আলোচনা;<br>(গ) এসিডিজি(SDG) প্রশিক্ষণে অন্তর্ভূক্তকরণ;<br>(ঘ) ৬৬ জন গাড়িচালককে ৩০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;<br>(ঙ) ১৭-২০ গ্রেডের ৬১ জন কর্মচারীকে ৩০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;<br>(চ) এ অধিদপ্তরের ৬৬ জন গাড়িচালককে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত মডিউল অনুমোদনের জন্য ৮/১২/১৯ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;<br>(ছ) সরকারি যানবাহন অধিদপ্তরের ১৬-১০ গ্রেডের অফিস কর্মচারীদের ৩০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বাকি ৩০ ঘন্টা প্রশিক্ষণের নিমিত্ত প্রশিক্ষণ মডিউল অনুমোদনের জন্য ৮/১২/১৯ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;<br>(জ) সরকারি যানবাহন মেরামত কারখানার ৪০ জন কর্মচারীর ৬০ ঘন্টা প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।<br>সিদ্ধান্তঃ ৬০ ঘন্টা প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক (সড়ক/নৌ)<br>২। ব্যবস্থাপক<br>সরকারি যানবাহন মেরামত কারখানা<br>৩। জনাব নার্গিস পারভীন, উপসচিব<br>২। " মোঃ নুরুল ইসলাম, উচ্চমান সহকারী<br>৩। গাউসুল আজম, অফিস সহকারী |

| | | | |
|---|---|---|---|
| ৪। | ই-জিপি | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম অনুযায়ী ইলেক্ট্রটিক গর্ভন্টমেন্ট (ই-জিপি) ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে বাস্তবায়ন।<br>সিদ্ধান্তঃ সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট বাস্তবায়ন ও মূল্যায়ন বিভাগের স্মারক নং-০৫.০৩.০০০০.০০৩.১৮.০৮২.১৯-৫২৮৪ তারিখঃ ৩১/১০/২০১৯ পত্রের আলোকে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক(সড়ক/নৌ)<br>২। উপপরিচালক<br>৩। সহকারী পরিচালক<br>৪। হিসাবরক্ষণ কর্মকর্তা<br>৫। প্রশাসনিক কর্মকর্তা।<br>৬। জনাব কনক চক্রবর্তী, হি/সহঃ<br>৭। জনাব আমিরুল ইসলাম, হি/সহঃ<br>৮। জনাব জাকারিয়া, হি/সহঃ<br>৯। '' মোঃ সাজ্জাদ হোসেন, অ/সহঃ |
| ৫। | সেবা প্রদান প্রতিশ্রুতি | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার ২য় প্রজন্মের) হালনাগাদকরণ।<br>সিদ্ধান্তঃ পরিচালক(নৌ)কে আহবায়ক এবং উপসচিব বেগম নার্গিস পারভীনকে সদস্যসচিব করে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে। | ১। পরিচালক (নৌ)<br>২। উপসচিব বেগম নার্গিস পারভীন। |
| ৬। | বিভিন্নপত্র মেইলে প্রেরণ | জেলা/উপজেলা পর্যায়ে বিভিন্ন পত্র আদান-প্রদান ই-মেইলে প্রেরণ।<br>সিদ্ধান্তঃ পত্র আদান-প্রদান অব্যাহত রাখতে হবে। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী |
| ৭। | তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ | স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করতে হবে এবং ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।<br>সিদ্ধান্তঃ সপ্তাহের প্রতি বুধবার তথ্য প্রকাশ হালনাগাদ নিশ্চিত করতে হবে। | ১। জনাব এরশাদ হোসেন খান, উপসচিব<br>২। " শহিদুল ইসলাম, অফিস সহকারী<br>৩। " কাউসার আহমেদ ভূইয়া, অ/সহকারী |
| ৮। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা | অভিযোগ প্রতিকার সেবাবক্স হালনাগাদ করতে হবে এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) হালনাগাদ করতে হবে।<br>সিদ্ধান্তঃ এ বিষয়ে কার্যক্রম/অগ্রগতি প্রত্যেক মাসের ১৫ তারিখ এবং ২৭ তারিখ ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক (সড়ক)<br>২। উপপরিচালক<br>৩। " শহিদুল ইসলাম, অ/সহকারী<br>৪। " কাউসার আহমেদ ভূইয়া, অফিস/সহঃ<br>৫। " সাজ্জাদ হোসেন, "<br>৬। " বিল্লাল হোসেন, হিসাব সহকারী |
| ৯। | ক্রয় পরিকল্পনা ও ই-টেন্ডার | পিপিএ-২০০৬ এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮ এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ এবং ই-টেন্ডারের মাধ্যমে কার্যসম্পাদন।<br>সিদ্ধান্তঃ শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ৭.১ ও ৭.২ মোতাবেক ক্রয় পরিকল্পনা ও ই-টেন্ডার নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক(সড়ক/নৌ)<br>২। উপপরিচালক<br>৩। সহকারী পরিচালক<br>৪। প্রশাসনিক কর্মকর্তা<br>৫। জনাব কনক চক্রবর্তী, হিসাব সহকারী<br>৬। বিল্লাল হোসেন, হিসাব সহকারী<br>৭। কাউসার আহেমেদ ভূইয়া। |
| ১০। | পরিদর্শন | এ অধিদপ্তরের বিভিন্ন শাখা পরিদর্শনের জন্য পরিদর্শনকারী কর্মকর্তাকে পত্র প্রেরণ এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।<br>সিদ্ধান্তঃ সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী সকলকে নিয়মিত শাখা পরিদর্শন নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক(সড়ক/নৌ)<br>২। ব্যবস্থাপক<br>৩। হিসাবরক্ষণ কর্মকর্তা<br>৪। প্রশাসনিক কর্মকর্তা |
| ১১। | নথির শ্রেণী বিন্যাস ও বিনষ্টকরণ | সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথির শ্রেনী বিন্যাসকরণ এবং নথি বিনষ্টকরণ।<br>সিদ্ধান্তঃ নথির শ্রেনি বিন্যাস কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং বিন্যাসকৃত নথি বিনষ্টের কাযক্রমে দ্রুত পদক্ষেপ নিতে হবে। | ১। পরিচালক(সড়ক/নৌ)<br>২। ব্যবস্থাপক,<br>সরকারি যানবাহন মেরামত কারখানা।<br>৩। সকল শাখা প্রধানগণ |
| ১২। | অভিযোগের আবেদন | অভিযোগের আবেদন প্রত্যেক শাখা থেকে ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রেরণ।<br>সিদ্ধান্তঃ শাখা প্রধানগণ কর্তৃক ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সপ্তাহের প্রতি বুধবার রিপোর্ট দিতে হবে। | ১। পরিচালক(সড়ক/নৌ)<br>২। ব্যবস্থাপক<br>সরকারি যানবাহন মেরামত কারখানা।<br>৩। সকল শাখা প্রধানগণ |
| ১৩। | মাসিক সেরা কর্মচারী | শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ৯.২ অনুযায়ী জুলাই, আগস্ট এবং সেপ্টেম্বর মাসে মাসিক সেরা কর্মচারীর পুরস্কার প্রদান করা হয়েছে। অক্টোবর, নভেম্বর এবং ডিসেম্বর মাসের সেরা কর্মচারীর পুরস্কার মাসিক সমন্বয় সভায় প্রদান।<br>সিদ্ধান্তঃ সনদ ও মাসিক সেরা কর্মচারী পুরস্কার ক্রেস্ট প্রদান নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক(সড়ক/নৌ)<br>২। ব্যবস্থাপক<br>৩। শাখা প্রধানগণ |
| ১৪। | উত্তম চর্চার তালিকা | উত্তম চর্চার তালিকা ২৪/০৯/২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত। তালিকার ৩নং ক্রম অনুযায়ী পরিচ্ছন্নকাজে উৎসাহিত করার জন্য সেরা কর্মচারী (পরিচ্ছন্নতাকর্মী) নির্বাচন এবং পুরস্কার প্রদান।<br>সিদ্ধান্তঃ যথাসময়ে পরিচ্ছন্নতাকর্মীদের পুরস্কার প্রদান নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক(সড়ক/নৌ)<br>২। ব্যবস্থাপক<br>৩। উপপরিচালক |

২০৪



| | | | |
|---|---|---|---|
| ১৫। | পেনশন সংক্রান্ত | হিসাব শাখার সেবা সহজীকরণের নিমিত্ত ১৩/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত সেমিনারের প্রসেস ম্যাপ অনুযায়ী পেনশনের বিষয় দ্রুত নিষ্পত্তি।<br>সিদ্ধান্তঃ পেনশনের আবেদন গ্রহণ এবং নিষ্পত্তির সকল কার্যক্রম পেনশনারকে ই-মেইল ও এসএমএস এর মাধ্যমে অবহিতকরণ করতে হবে। | ১। পরিচালক(সড়ক/নৌ)<br>২। ব্যবস্থাপক<br>৩। হিসাবরক্ষণ কর্মকর্তা<br>৪। পেনশনের কাজে সম্পৃক্ত কর্মচারী। |
| ১৬। | গাড়ি মেরামত এবং নাদাবী | গাড়ি মেরামত করার পর সেবা গ্রহণকারীকে এসএমএস এর মাধ্যমে জানানো। নাদাবী (গাড়ি ব্যবহার সংক্রান্ত) প্রত্যয়ন এসএমএস এর মাধ্যমে জানানো।<br>সিদ্ধান্তঃ আবেদন পাওয়ার সাথে সাথে এক কর্মদিবসের মধ্যে সেবাগ্রহীতাকে এসএমএস/ই-মেইল এর মাধ্যমে নিশ্চিত করতে হবে।। | ১। পরিচালক(সড়ক)<br>২। ব্যবস্থাপক<br>৩। হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ১৭। | শুদ্ধাচার পুরস্কার প্রদান | শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ১২/১২/২০১৯ তারিখে অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>সিদ্ধান্তঃ শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কার্যক্রম ১০.১ অনুযায়ী ১৫/০৬/২০২০ এর মধ্যে পুরস্কার প্রদান নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক(সড়ক/নৌ)<br>২। ব্যবস্থাপক<br>৩। হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ১৮। | দ্বিতীয় কোয়ার্টারের অগ্রগতি | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর দ্বিতীয় প্রান্তিকের অক্টোবর-ডিসেম্বর/১৯ এর ত্রৈমাসিক প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ।<br>সিদ্ধান্তঃ দ্বিতীয় প্রান্তিকের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন স্ব স্ব ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক(নৌ)<br>২। ব্যবস্থাপক<br>৩। উপসচিব জনাব নার্গিস পারভীন<br>৪। শহিদুল ইসলাম, কাউসার আহমেদ, গাউসুল আজম ও বিল্লাল হোসেন। |

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর দ্বিতীয় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের পর তৃতীয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে আরো তৎপর ও আন্তরিক হতে হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫.১২.২০১৯

(মোঃ মিজানুর রহমান)
পরিবহন কমিশনার(অতিরিক্ত সচিব)
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-০৫.০৩.০০০০.০০৫.২৯.১৫৮.১৯- ৬১৬ — তারিখ: ১৫/১২/২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। পরিচালক(সড়ক/নৌ), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
২। উপসচিব(সংযুক্ত), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৩। ব্যবস্থাপক, সরকারি যানবাহন মেরামত কারখানা, ঢাকা।
৪। উপপরিচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব(সংযুক্ত), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৮। হিসাবরক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
৯। পরিবহন অফিসার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
১০। পিএ টু পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

(নার্গিস পারভীন)
উপসচিব
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।